


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
জাপান-২ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'The Fourth Primary Education Development Programme (PEDP-4)' শীর্ষক কর্মসূচির Year-4 এর জন্য জাপান সরকার বাংলাদেশ সরকারকে ৫০০ মিলিয়ন জাপানি ইয়েন (সমপরিমাণ আনুমানিক ৩৮.৪০ কোটি টাকা বা ৩.৫৮ মিলিয়ন মার্কিন ডলার) অনুদান সহায়তা প্রদান করবে। এ বিষয়ে আজ ২০ জুন ২০২৩ তারিখে বাংলাদেশ ও জাপান সরকারের মধ্যে 'বিনিময় নোট' ও 'অনুদান চুক্তি' স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, মিজ শরিফা খান উক্ত 'বিনিময় নোট' ও 'অনুদান চুক্তি' স্বাক্ষর করেন। জাপান সরকারের পক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr. IWAMA Kiminori 'বিনিময় নোট' এবং ঢাকায় নিযুক্ত জাইকা'র চিফ রিপ্রেজেন্টেটিভ Mr. ICHIGUCHI Tomohide 'অনুদান চুক্তি' স্বাক্ষর করেন।

'The Fourth Primary Education Development Programme (PEDP-4)'-শীর্ষক কর্মসূচিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৮ থেকে জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে কর্মসূচিটির জন্য গত তিন বছরে জাপান সরকার মোট ১৫০০ মিলিয়ন ইয়েন অনুদান সহায়তা প্রদান করেছে। ৪র্থ বছরের জন্য জাপান সরকার কর্তৃক প্রদত্ত অনুদান সহায়তা আর্থিক ও বাজেট ব্যবস্থাপনা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির কাজে ব্যবহৃত হবে।

দ্বিপাক্ষিক পর্যায়ে জাপান বাংলাদেশের একক বৃহত্তম উন্নয়ন সহযোগী দেশ। স্বাধীনতার পর থেকে এ যাবৎ জাপান সরকার ৩০.১২ বিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করেছে। বাংলাদেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। নমনীয় ঋণ ছাড়াও জাপান বিভিন্ন প্রকল্পে অনুদান ও কারিগরি সহায়তা প্রদান করছে, যার মধ্যে মানব সম্পদ উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন এবং পরিবেশ সুরক্ষা বিশেষভাবে উল্লেখযোগ্য।



মাহমুদুল ইসলাম খান
উপসচিব

ফোন: ৪৮১১৬৩০৩

ই-মেইল: japan2@erd.gov.bd